



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ১৫/০১/২০১৭

## বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১১-১২ শিক্ষাবর্ষের গ্রাজুয়েশন সম্পন্নকারী শিক্ষার্থীদের মধ্যে সাময়িক সনদপত্র প্রদান

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১১-১২ শিক্ষাবর্ষের গনিত ও মার্কেটিং বিভাগের গ্রাজুয়েশন সম্পন্নকারী শিক্ষার্থীদের মধ্যে সাময়িক সনদপত্র প্রদান করা হয়েছে। অদ্য ১৫ জানুয়ারী ২০১৭ তারিখ দুপুর ১.৩০ মিনিটে মাননীয় উপাচার্য মহোদয়ের কক্ষে ২টি বিভাগের ৪ জন শিক্ষার্থীর মধ্যে এ সাময়িক সনদপত্র প্রদান করা হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড.এস এম ইমামুল হক গনিত বিভাগের শিক্ষার্থী মো. আজিম উদ্দীন, মার্কেটিং বিভাগের শিক্ষার্থী মো. জয়নাল আবেদীন, মো. মিজানুর রহমান এবং মো. তৌহিদ খানের হাতে এ সাময়িক সনদপত্র তুলে দেন। উপাচার্য মহোদয় উপস্থিত সাময়িক সনদ গ্রহণকারী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, আজ বরিশাল বিশ্ববিদ্যালয়ের জন্য একটি স্মরণীয় দিন এবং তোমরা যারা সাময়িক সনদ গ্রহণ করলে তারা ববির ইতিহাসের একটি অংশে পরিণত হলে। এ সময় সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মুহসীন উদ্দীন, জীববিজ্ঞান অনুষদের ডিন ড. মো. হাসিনুর রহমান, প্রক্টর মো. শফিউল আলম, গনিত বিভাগের চেয়ারম্যান হেনা রানী বিশ্বাস, মার্কেটিং বিভাগের চেয়ারম্যান অহিনুর রহমান, পরীক্ষা নিয়ন্ত্রক (চুক্তিভিত্তিক) প্রফেসর ফজলুল হক, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (চ.দা.) সায়্যাদ উল্লাহ্ মো: ফয়সালসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য বরিশাল বিশ্ববিদ্যালয়ে এই প্রথম কোন বিভাগের গ্রাজুয়েশন সম্পন্নকারী শিক্ষার্থীদের মধ্যে সাময়িক সনদপত্র প্রদান করা হলো। শিক্ষার্থীরা পর্যায়ক্রমে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক শাখা হতে এই সাময়িক সনদপত্র গ্রহণ করতে পারবেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রূমি  
উপ-পরিচালক (চ.দা.)  
জনসংযোগ অফিস  
বরিশাল বিশ্ববিদ্যালয়  
[\(b.university.pro@gmail.com\)](mailto:b.university.pro@gmail.com)